

পরিচালক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০

উপদেশ, প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর

টেলিফোন: ৯৬৬৩১২৯ (সরাসরি), পিএবিএক্স: ৫৫১৬৭১০০, ৫৫১৬৭২২৮-৫৭ / ৭৩৫৪, ৭৪৯৩ (অফিস)

Fax: +880 2 9665622 Email: daers@daers.buet.ac.bd

তারিখ: ০৭ মে, ২০২৫

## Post Graduate Fellowship সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২০-০৪-২০২৫ তারিখ অনুষ্ঠিত CASR-এর ৩৩৮৫তম সভার ৮০ নং সিদ্ধান্ত মোতাবেক অক্টোবর/২০২৪ সেমিস্টারের জন্য M.Sc/Ph.D Fellowship প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এমতাবস্থায়, অত্র বিশ্ববিদ্যালয়ের M.Sc এবং Ph.D-তে অধ্যয়নরত পূর্ণ কালীন দেশি ও বিদেশি ছাত্র/ছাত্রীদের নিকট হতে M.Sc/Ph.D Fellowship-এর জন্য online-এ আবেদন আহ্বান করা যাচ্ছে। উক্ত Fellowship-এর জন্য আবেদনের সময়সীমা ১৩-০৫-২০২৫ হতে ২১-০৫-২০২৫ তারিখের পর্যন্ত। আগ্রহী ছাত্র/ছাত্রীবৃন্দ উক্ত সময়ের মধ্যে BIIS-এর মাধ্যমে আবেদন করতে পারবে। এ সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলি উক্ত মেনুতে পাওয়া যাবে। CASR-এর নির্দেশনা মোতাবেক দাখিলকৃত online আবেদন সমূহ আগামী ২৪-০৫-২০২৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট সুপারভাইজার/অ্যাডভাইজার কর্তৃক forwarded হতে হবে। সুপারভাইজার/অ্যাডভাইজার কর্তৃক forwarded আবেদন সমূহ বিভাগীয় প্রধান/পরিচালক মহোদয়ের account-এ পাওয়া যাবে। আবেদন সমূহ যাচাই বাছাই করে BPGS/RAC-এর অনুমোদন পূর্বক সকল যোগ্য প্রার্থীদের আবেদন মেধাক্রমসহ আগামী ২৮-০৫-২০২৫ তারিখের মধ্যে অনলাইনে CASR-এ প্রেরণ করার জন্য বিভাগীয় প্রধান/পরিচালক মহোদয়গণকে অনুরোধ করা যাচ্ছে।

এই বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো যাচ্ছে।

বিঃ দ্রঃ Post Graduate Fellowship-এর মেধাক্রম তৈরীর সময় শিক্ষার্থীদের থেকে সম্মতিপত্র নেয়া যেতে পারে। কারণ অনেকে মাঝপথে Fellowship প্রত্যাহার করে নেয়, যার ফলে অনেক আগ্রহী শিক্ষার্থী এই সুযোগ থেকে বঞ্চিত হয়।

(অধ্যাপক ড. মোহাম্মাদ আরিফ হাসান মামুন)

পরিচালক

উপদেশ, প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর

বিতরণ :

- ১। সকল অনুষদের ডীন মহোদয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা (সকল শিক্ষক ও স্নাতকোত্তর শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ৩। পরিচালক, সকল ইনস্টিটিউট, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা (সকল শিক্ষক ও স্নাতকোত্তর শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ৪। পরিচালক, ICT, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা (online-এ দরখাস্ত গ্রহণের ব্যবস্থা করার অনুরোধসহ)।
- ৫। পরিচালক, ICT Cell বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা (ব্যাপক প্রচার ও BUET web site-এ upload করার অনুরোধসহ)।
- ৬। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৭। রেজিস্ট্রার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৮। পি.এস টু প্রো-ভিসি, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা (মাননীয় উপ-উপাচার্য মহোদয়-এর সদয় অবগতির জন্য)।
- ৯। পি.এস টু ভিসি, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা (মাননীয় উপাচার্য মহোদয়-এর সদয় অবগতির জন্য)।

**BUET POSTGRADUATE FELLOWSHIP (Masters/PhD)**

**(CASR-344, Resolution-41, Dated 14.08.2021)**

**Management of Local Students' applications**


1. CASR will allocate tentative number of fellowships to each Department/Institute based on the number of PhD holder Faculty in the Department/Institute. Provisions will be made so that each department/Institute gets at least one Ph.D. & one M.Sc. fellowship (if valid/potential applicants are available).
2. Local/current student must apply through their BIIS web portal, so that the students will automatically distributed among the appropriate Departments/institutes.
3. After submission by the student, the application will be visible by the supervisor (or advisor) and he/she will forward the application to his Head of the department/Director of the Institute.
4. Head of the department/Director of the Institute shall form a selection committee. The committee will scrutinize the applications and prepare a merit list of the candidates. A short merit list consisting of tentative allocated number of fellowships is to be prepared with the recommendation of respective BPGS/RAC.
5. Selected applications along with the short merit list will be forwarded to CASR by the respective Head of the department/ Director of the Institute.
6. CASR will decide the number of fellowships and give final approval.
7. The registrar will announce the final approved list of fellowships.
8. Immediately after the announcement of final approved list of fellowships, Head of the department/Director of the Institute shall confirm that each fellowship awardee has been assigned to a supervisor. So that from the very beginning the awardee can work 40 hours/week with the instruction of his/her supervisor.

*Handwritten signature*  
27.6.21



বাংলাদেশী পোস্ট গ্রাজুয়েট শিক্ষার্থীদের M.Sc এবং Ph.D Fellowship প্রদানের নিয়মাবলী:-  
CASR meeting no. 344, Resolution no. 41, Dated: 14-08-2021

১. Fellowship পাওয়ার জন্য একজন পূর্ণ সময়ের (full time) পোস্ট গ্রাজুয়েট শিক্ষার্থীকে online-এ BIIS-এ আবেদন করতে হবে। অন্ততঃপক্ষে ১২ ক্রেডিট আওয়ার রেজিস্ট্রেশন করলেই কোন শিক্ষার্থীকে পূর্ণ সময়ের (full time) শিক্ষার্থী বলে ধরা হবে।
২. সকল অনুষদের এম. এস. সি. ইঞ্জিনিয়ারিং/এম. আর্ক/এম.ইউ. আর. পি./এম. ফিল/এম. এস. সি. কোর্সের পূর্ণকালীন শিক্ষার্থীদেরকে সর্বোচ্চ ১৮ মাসের Fellowship এবং পি.এইচ.ডি. প্রোগ্রামের পূর্ণকালীন শিক্ষার্থীদেরকে সর্বোচ্চ ৩৬ মাসের Fellowship প্রদান করা যেতে পারে।
৩. একজন Fellowship প্রাপ্ত শিক্ষার্থীকে প্রতি সেমিস্টারে কমপক্ষে G.P.A ৩.০০ অর্জন করতে হবে এবং সেই সঙ্গে যদি থিসিস/প্রজেক্ট এর কাজ চলতে থাকে তাতেও সন্তোষজনক গ্রেড থাকতে হবে। অন্যথায় তার Fellowship বন্ধ হয়ে যাবে।
৪. কোন পোস্ট গ্রাজুয়েট শিক্ষার্থীর প্রয়োজনীয় কোর্স সন্তোষজনকভাবে সম্পন্ন করার পর থিসিসের কাজ চলাকালীন ১২ ক্রেডিট আওয়ার রেজিস্ট্রেশন ছাড়াই তার Fellowship-এর মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে। তবে এই মেয়াদ ২ নং নিয়ম হতে কোন ক্রমেই বেশী হবে না।
৫. প্রতিমাসে Fellowship-এর টাকা উঠানোর বিলে Adviser/Supervisor এবং বিভাগীয় প্রধানের একটি সুপারিশ থাকতে হবে যে উক্ত শিক্ষার্থী ঐ মাসে সন্তোষজনক কাজ করেছে।
৬. স্নাতকোত্তর শ্রেণীর শিক্ষার্থী ১ নং ধারা অনুযায়ী পূর্ণকালীন পর্যায়ে বিবেচিত হলে এবং সেই সঙ্গে যদি কোন সংস্থা বা প্রতিষ্ঠানে চাকুরীরত থাকেন তবে উক্ত সংস্থা হতে পূর্ণ সময়ের জন্য স্নাতকোত্তর শ্রেণীতে শিক্ষা গ্রহণের বিষয়ে অনুমোদন (ছাড়পত্র) থাকলে তিনি Fellowship পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন। এ ছাড়া Fellowship প্রাপ্ত পূর্ণকালীন শিক্ষার্থী কোন প্রকারের চাকুরি করতে পারবে না।
৭. Fellowship প্রাপ্ত সকল শিক্ষার্থীদেরকে শুরু থেকেই Supervisor নিয়োগ দেয়া হবে। Fellowship প্রাপ্ত শিক্ষার্থীদের প্রত্যেককে সপ্তাহে কমপক্ষে ৪০ ঘন্টা বিশ্ববিদ্যালয়ে উপস্থিত থেকে Supervisor-এর নির্দেশমত পড়াশোনা/গবেষণা কাজে নিয়োজিত থাকতে হবে।
৮. কোন শিক্ষার্থী TA Ship ও Fellowship উভয় প্রকারের Financial Support এক সঙ্গে পাবে না।
৯. Fellowship প্রাপ্ত শিক্ষার্থীকে অবশ্যই ডিগ্রী সম্পন্ন করতে হবে। অন্যথায় গৃহীত সমুদয় অর্থ বিশ্ববিদ্যালয়কে ফেরত দিতে হবে। এই মর্মে একটি অঙ্গীকার নামা স্বাক্ষর করতে হবে।

  
27.6.22